কর্মচারীদের জন্য জ্ঞাতব্য তথ্য

Ontario

মার্চ 1, 2005

কাজের ঘন্টা এবং ওভারটাইমের জন্য বেতন সম্বন্ধে

2000 সালের এমপ্লয়মেন্ট স্ট্যানডার্ডস্ আইনের 21.1 ধারার আবশ্যকতা অনুযায়ী ডাইরেক্টর অফ এমপ্লয়মেন্ট স্ট্যানডার্ডস্ এই ডকুমেন্টটি প্রস্তুত করেছেন। এই ডকুমেন্ট বা দস্তাবেজটি যত্নসহকারে পড়ুন এবং সুনিশ্চিত করুন যে আপনার অধিকারগুলি কি তা আপনি বুঝতে পেরেছেন। যদি আপনার কোনো প্রশ্ন থাকে, শ্রম সচিবালয়ের সঙ্গে যোগাযোগ করুন।

অন্টারিওতে এগুলি সাধারণ বিধি নিয়ম

- কাজের ঘন্টা সম্বন্ধে এবং
- ওভারটাইম বেতন সম্বন্ধে।

এমপ্লয়মেন্ট স্ট্যানডার্ডস্ অ্যাক্ট 2000 (আইনের) এর অধীনে কিছু কিছু কর্মীর জন্য এগুলি ব্যাতিক্রমী এবং বিশেষ বিধি নিয়ম।

আরও তথ্যের জন্য শ্রম সচিবালয়ের সঙ্গে বিনাশুল্কের 1-800-531-5551 নম্বরে ফোন করে যোগাযোগ করুন।

দৈনিক কাজের সর্বাধিক ঘন্টা বা সময়

আপনাকে কাজ করতে হবে ঃ

- দিনে 8 ঘন্টার বেশি নয়

  অথবা
- আপনার প্রত্যেক নিয়মিত দিনের কাজের ঘন্টার সংখ্যার বেশি নয়, যদি এটা 8 এর বেশি হয়।

যদি আপনি চান, আপনি আরো বেশি ঘন্টা কাজ করতে লিখিতভাবে আপনার নিয়োগকর্তার সঙ্গে রাজী হতে পারেন। **আপনি যদি বেশি ঘন্টা কাজ করতে না চান, তাহলে আপনাকে চুক্তিতে সই করতে হবে না।**

সাপ্তাহিক সর্বাধিক কাজের ঘন্টা

আপনাকে সপ্তাহে 48 ঘন্টার বেশি কাজ করতে হবে না।

যদি আপনি চান, আপনি আপনার নিয়োগকর্তার সঙ্গে লিখিতভাবে আরো বেশি ঘন্টা কাজ করতে রাজী হতে পারেন।

যদি আপনি চুক্তিতে সই করেন, আপনার নিয়োগকর্তাকে শ্রম সচিবালয়ের এমপ্লয়মেন্ট স্ট্যানডার্ডের ডাইরেক্টরের কাছ থেকে অবশ্যই অনুমোদন পেতে হবে। **আপনি যদি বেশি ঘন্টা কাজ করতে না চান, তাহলে আপনাকে চুক্তিতে সই করতে হবে না।**

যদি আপনি লিখিতভাবে রাজী থাকেন কাজ করতে ঃ

- **সপ্তাহে 48 ঘন্টার বেশি, সপ্তাহে 60 ঘন্টা পর্যন্ত –** আপনার নিয়োগকর্তা আপনাকে বলতে পারেন অতিরিক্ত কাজের ঘন্টাগুলিতে কাজ করতে ডাইরেক্টরের অনুমোদনের জন্য আবেদন করার 30 দিন পরে, যতক্ষণ কতগুলি নির্দ্দিষ্ট শর্ত পূরণ করা হচ্ছে।
- **সপ্তাহে 60 ঘন্টা** – আপনার নিয়োগকর্তাকে ডাইরেক্টরের অনুমোদন অবশ্যই পেতে হবে আপনি সপ্তাহে 60 ঘন্টা কাজ শুরু করার **আগে**।

ডাইরেক্টরের অনুমোদিত কাজের ঘন্টার চেয়ে বেশি ঘন্টা আপনি কাজ করতে পারেন না। আপনার রাজী হওয়া কাজের ঘন্টার সংখ্যার চেয়ে এটি কমও হতে পারে।

আপনার নিয়োগকর্তা ডাইরেক্টরের অনুমোদনের জন্য আবেদন পত্র এমন জায়গায় টাঙিয়ে রাখবেন যেখানে আপনি তা দেখতে পাবেন। যদি এবং যখন আপনার নিয়োগকর্তা ডাইরেক্টরের কাছ থেকে অনুমোদন পান বা পাবেন, অনুমোদন পত্রটি এমন জায়গায় টাঙ্গানো থাকবে যেখানে আপনি তা দেখতে পাবেন।

নিয়োগকর্তাকে দু সপ্তাহের লিখিত নোটিস/বিজ্ঞপ্তি দিয়ে দৈনিক বা সাপ্তাহিক বেশি ঘন্টা কাজ করার **চুক্তি আপনি বাতিল করতে পারেন। আপনার নিয়োগকর্তাও কোনো চুক্তি বাতিল করতে পারেন** আপনাকে যুক্তিসম্মতভাবে নোটিস দিয়ে জানিয়ে।

ওভারটাইমের জন্য বেতন

সপ্তাহে 44 ঘন্টার বেশি প্রতি ঘন্টা কাজ করার জন্য, আপনার নিয়োগকর্তা আপনাকে অবশ্যই নিয়মিত বেতনের অন্ততঃ দেড়গুণ (1½) বেতন দেবেন ("সময় এবং অর্দ্ধেক") । যদিও আপনি সপ্তাহে 48 ঘন্টারও বেশি কাজ করতে রাজী থাকেন লিখিতভাবে, আপনার নিয়োগকর্তা অবশ্যই আপনাকে সপ্তাহে 44 ঘন্টার বেশি প্রতি ঘন্টা কাজ করার জন্য ওভাবরটাইম বেতন দেবেন।

আপনার নিয়োগকর্তার সঙ্গে আপনি লিখিতভাবে রাজী হতে পারেন ওভারটাইম বেতন গণনা করার জন্য দুই অথবা তার বেশি সপ্তাহের কাজের ঘন্টার গড় হিসাব করতে। যদি আপনি চুক্তিতে সই করেন, আপনার নিয়োগকর্তাকে অবশ্যই শ্রম সচিবালয়ের এমপ্লয়মেন্ট স্ট্যানডার্ডের ডাইরেক্টরের কাছ থেকে অনুমোদন পেতে হবে। **যদি আপনি আপনার ওভারটাইম কাজের ঘন্টার গড় হিসাব না করতে চান, আপনাকে চুক্তিতে সই করতে হবে না।**

এই সব চুক্তির মেয়াদ উত্তীর্ণ হবার তারিখ থাকতে হবে, এবং চুক্তি আপনার এবং আপনার নিয়োগকর্তার সহমত ভিন্ন বাতিল করা যাবে না।

ইউনিয়নভুক্ত কর্মচারীরা

সাধারণভাবে, যদি কোনো ইউনিয়ন আপনার প্রতিনিধিত্ব করে তাহলে আপনার পক্ষ নিয়ে ইউনিয়ন আপনার নিয়োগকর্তার সঙ্গে চুক্তি করবে।

বিশ্রামের সময় এবং খাবার সময়

আপনার নিয়োগকর্তা অবশ্যই আপনাকে অন্ততপক্ষে দেবেন ঃ

- প্রত্যেক দিন ধারাবাহিকভাবে 11 ঘন্টা কাজের থেকে অবসর। "একদিন" হচ্ছে 24- ঘন্টার সময় – এটিকে ক্যালেন্ডার দিবস হতে হবে না;
- দুটি শিফ্‌টের মধ্যে 8 ঘন্টা কাজের থেকে অবসর (যতক্ষণ না শিফ্‌টগুলির পুরো কাজের সময় 13 ঘন্টার বেশি না হয় অথবা আপনি এবং আপনার নিয়োগকর্তা লিখিতভাবে মতৈক্যে পৌচেঁছেন); এবং
- প্রত্যেক কাজের সপ্তাহে ধারাবাহিকভাবে 24 ঘন্টা কাজের থেকে ছুটি, অথবা দুটি কাজের সপ্তাহে 48 ঘন্টা ধারাবাহিকভাবে কাজের থেকে ছুটি।

আপনি 5 ঘন্টার বেশি নয় এমন সময় কাজ করার পর 30-মিনিটের খাবারের সময় পাবেন। আপনি আপনার নিয়োগকর্তার সাথে একমত হয়ে এই খাবারের সময়টিকে দুটি আরও ছোট বিরতিতে ভাগ করে নিতে পারেন।

আপনার অধিকারগুলি সুরক্ষিত

আপনার নিয়োগকর্তা আপনাকে ভয় দেখাতে পারেন না, বরখাস্ত করতে পারেন না, কিছু দিনের জন্য কাজ থেকে অপসারণ করতে পারেন না, আপনার বেতন কমাতে পারেন না, কোনোভাবে আপনাকে শাস্তি দিতে পারেন না অথবা এই সমস্ত ব্যবস্থাগুলি নেবার ভয় দেখাতে পারেন না কারণ আপনি ঃ

- দৈনিক অথবা সাপ্তাহিক সর্বাধিক কাজের ঘন্টার বেশি সময় কাজ করতে অস্বীকার করেছেন;
- দৈনিক অথবা সাপ্তাহিক সর্বাধিক কাজের ঘন্টার বেশি সময় কাজ করার জন্য চুক্তিতে সই করতে অস্বীকার করেছেন;
- অতিরিক্ত কাজের ঘন্টার সংখ্যা যাতে আপনি রাজী হয়েছেন তার থেকেও বেশি সময় কাজ করতে আপনি অস্বীকার করেছেন; অথবা
- ই এস এ (ESA) এর অধীনে আপনার অধিকারগুলি সম্বন্ধে প্রশ্ন করেছেন।

যদি এরকম ঘটে, তাহলে শ্রম সচিবালয়ের সঙ্গে যোগাযোগ করুন। সচিবালয়ের কর্মীবৃন্দ আপনাকে আপনার অধিকারগুলি বুঝতে সাহায্য করবেন, আপনার প্রশ্নের উত্তর দেবেন এবং আপনার অভিযোগগুলিকে অনুসন্ধান করবেন।

দ্রষ্টব্য ঃ যদি কোনো ইউনিয়ন আপনার প্রতিনিধিত্ব করে এবং আপনি মনে করেন যে আপনার অধিকারগুলিকে লঙ্ঘন করা হয়েছে, তাহলে আপনি শ্রম সচিবালয়ের সঙ্গে যোগাযোগ করার আগে আপনার ইউনিয়ন প্রতিনিধির সঙ্গে কথা বলে নেবেন।

যোগাযোগ করুন

- **শ্রম সচিবালয়ের** এমপ্লয়মেন্ট স্ট্যানডার্ড ইনফরমেশন সেন্টারে 416-326-7160 নম্বরে ফোন করুন অথবা বিনাশুল্কের 1-800-531-5551নম্বরে ফোন করুন অথবা 1-866-567-8893 নম্বরে যারা কানে কম শোনেন TTY।
- সার্ভিসঅন্টারিও গভরমেন্ট ইনফরমেশন সেন্টার্স পরিদর্শন করুন।
- আরও তথ্যের জন্য এবং ই-মেলের মাধ্যমে **শ্রম** সচিবালয়ের সঙ্গে যোগাযোগ করার জন্য www.labour.gov.on.ca/english দেখুন।

employment standards act